The Daily Observer, 30 March 2018

Myanmar agrees to engage UNHCR in repatriation process

Myanmar has agreed to engage UNHCR in the Rohingya repatriation and rehabilitation process which Dhaka sees as a progress.

Bangladesh already remains engaged with the UNHCR, the UN refugee agency, to take support for smooth repatriation of Rohingyas from Bangladesh to Myanmar which Myanmar did not want.

"It's big progress that Myanmar got engaged with UNHCR. The UN has confirmed it to us. They are in discussion on the issue," State Minister for Foreign Affairs M Shahriar Alam told reporters on Thursday.

He said the government will send the new set of list consisting names of Rohingyas as Myanmar responded on first list.

He was talking to reporters after attending a seminar on the theme- 'Upcoming 45th Council of Foreign Ministers (CFM) of the Organization of Islamic Cooperation (OIC) Dhaka: Revisiting A Shared Journey' in the city.

The government will soon send the second list consisting of upto 10,000 names of Rohingyas to Myanmar as part of the repatriation process.

"It is a continuous process. We are preparing the list. We are sending lists of Rohingyas step by step," Relief and Refugee Repatriation Commissioner Mohammad Abul Kalam said on Wednesday night.

He, however, did not want to tell the number saying they will continue to work on the issue as over 1 million Rohingyas are living in Bangladesh.

Bangladesh already handed over a list of 1,673 Rohingya families (8,032 individuals) to Myanmar to start the first phase of repatriation of the displaced people to their homeland in Rakhine state. Myanmar side, however, verified less than 400 of those and there is no sign of their repatriation yet.

Some 700,000 Rohingyas have taken shelter in Bangladesh since last August following an army crackdown that the United Nations has likened to ethnic cleansing. On January 16, Bangladesh and Myanmar signed a document on 'Physical Arrangement' which will facilitate the return of Rohingyas to their homeland from Bangladesh but there is no significant progress over repatriation. The 'Physical Arrangement' stipulates that the repatriation will be completed preferably within two years from the start of repatriation. -UNB

The Daily Sun, 30 March 2018

Rohingya crisis to get focus in OIC

Myanmar has agreed to engage UNHCR in the Rohingya repatriation and rehabilitation process which Dhaka sees as a progress, reports UNB.

Bangladesh already remains engaged with the UNHCR, the UN refugee agency, to take support for smooth repatriation of Rohingyas from Bangladesh to Myanmar which Myanmar did not want.

“It’s big progress that Myanmar got engaged with UNHCR. The UN has confirmed it to us.

They are in discussion on the issue,” State Minister for Foreign Affairs M Shahriar Alam told reporters on Thursday.

He said the government will send the new set of list consisting names of Rohingyas as Myanmar responded on first list.

He was talking to reporters after attending a seminar on the theme- ‘Upcoming 45th Council of Foreign Ministers (CFM) of the Organization of Islamic Cooperation (OIC) Dhaka: Revisiting A Shared Journey’ in the city.

The Financial Express, 30 March 2018

Myanmar agrees to pick UNHCR for Rohingya repatriation

FE Report

In a breakthrough, Myanmar has finally agreed to engage the United Nations High Commissioner for Refugees to help repatriate the Rohingyas.

State minister for foreign affairs Shahriar Alam disclosed this Thursday.

Quoting the UNHCR officials, he said that Myanmar has recently contacted the UNHCR seeking a meeting with them to discuss the repatriation mechanism.

Shahriar, who was talking to the reporters after a discussion meeting on the upcoming OIC foreign ministers' meeting in the capital, termed the development 'very positive'.

"Earlier, on November 23, last year, when we signed an agreement with Myanmar on repatriation, they vehemently disagreed to include the UNHCR or the UN in the (repatrtaition) process. Now they have agreed. So definitely it is a very positive and significant initiative from their side," the minister said.

The minister, however, made it clear that the government was not at all dismayed over missing the January 23 deadline for repatriation.

After the first joint working group meeting in Naypyitaw on January 15-16, Bangladesh and Myanmar agreed to start the repatriation from January 23 and end the process in two years.

"The repatriation would be completed preferably within two years from the commencement of repatriation," the foreign ministry said in a statement, following the first joint working group meeting (JWG) in Naypyitaw on January 15-16

"We are not worried over the delay as we are on the right track," he said, adding that since the process should be sustainable and voluntary, Bangladesh preferred to keep patience.

"We could repatriate 100 or 200 Rohingyas out of the 1.2 million to Myanmar to keep the deadline. But had they returned again due to the lack of a conducive environment there, the entire process would have been jeopardised." "Since we want a sustainable and safe return such a delay should not bother us as we are on the right track", the minister said explaining the reasons for the delay

"We have also been provoked by other side, but we have kept our patience and have not been derailed. We know the world community is with us and all the human rights organsiations of the world are supporting us", he added.

Referring to his recent meeting with the UN secretary general, Shahriar noted that a delegation of the UN Security Council may visit Bangladesh soon to observe the Rohingya situation.

Responding to a question, the state minister said Bangladesh did not request any OIC member country to house the refugees, neither any of them volunteered to do so.

But Saudi Arabia had legalised 250 thousand Rohingya refugees who fled Myanmar since 2012, he said.

Over 1.2 million Rohingyas, termed by the UN "the most persecuted people on the earth", fled their native homes in the Rakhaine state of Myanmar in the face of massive crackdown against them by the Myanmar security forces since August 25 last year.

Earlier, addressing a discussion meeting titled 'Upcoming 45th session of the Council of Foreign Ministers of OIC' Shahriar said the problems of terrorism and violent extremism, sectarian violence, hatred, prejudice and Islamophobia were triggering humanitarian crises with forced displacements, affecting the rights and dignity of Muslim minorities like the Rakhine Muslims of Myanmar.

These are OIC's priorities, he said.

Bangladesh Institute of International and Strategic Studies (BISS), the state-run think-tank, organised the meeting.

The meetings of the Permanent Finance Committee, Economic, Social, Cultural and Family Affairs Commission (ICECS), and the senior officials in Jeddah this month largely discussed these resolutions seeking to find solutions and approaches to the ongoing problems of the Muslim Ummah.

"We see these issues being approached under four broad ranges of draft resolutions: those relating to peace, conflict resolution, mediation and security; those relating to OIC economic and development agenda; those relating to minorities and humanitarian questions and those relating to OIC reforms," said the state minister.

mirmostafiz@yahoo.com

The Independent, 30 March 2018-04-01

Reforms for OIC proposed over 'ineffectiveness'

Conflict resolution centre in offing; Turkey for NATO like entity
DIPLOMATIC CORRESPONDENT

3-page resolution on Rohingya in 45th foreign ministers' meeting in Dhaka; group delivers little, needs to do more, say experts

Against the backdrop of widespread criticism of the Organisation of the Islamic Conference (OIC) for its ineffectiveness, member states have now proposed to reform the second largest inter-governmental group to make it more functional with positive impact on the Muslim Ummah.

"There is a proposal for a study to reform the OIC," Foreign Secretary Shahidul Haque told a seminar on 'Upcoming 45th Council of Foreign Ministers (CFM) of OIC, Dhaka: Revisiting a Shared Journey' organised by the Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) at Bangabandhu International Conference Centre yesterday.

The CFM will take place in the capital on May 5 and 6 and preparations on both programme and content parts are well on course, he said.

The foreign secretary informed that there are a number of proposals on various aspects of the 57-member body and 10 issues that will be discussed by the CFM and a special committee. Turkey has put forward a proposal of creating an OIC entity like North Atlantic Treaty Organisation (NATO), which has been and will be debated, he said, adding that it has also proposed to establish a conflict resolution centre.

"The mediation centre will be in Turkey. Nothing is finalised yet. It will be done if adopted by the CFM," said Haque.

Aside from the foreign ministers of the member states, foreign ministers of Canada and a European country have been invited to attend the 45th CFM, he said. Regarding the Rohingya crisis, the foreign secretary said that unlike in the previous CFMs, this time there will be a three-page resolution on the issue as the OIC has finally realised that there is something fundamentally wrong with the Rohingyas.

On May 4, the government will arrange a visit to Cox's Bazar for those who are interested to see for themselves the conditions of Rohingyas and many have already shown interest in this regard,

he said. Speaking as chief guest at the programme, State Minister for Foreign Affairs Shahriar Alam said that a comprehensive reform of OIC and its system is a crying need of the day both for greater efficiency, dynamism and clout of the organisation.

“Bangladesh along with some other brotherly countries are working hard with their thoughts and proposals for OIC reforms in a number of areas - rules and procedures, organisational and secretariat issues, their roles and mechanisms, recruitment rules, transparency initiatives, efficiency enhancement, observership and operationalisation of a number of new statutes, bodies and institutes are coming under these efforts,” he said.

“The Rohingya problem in its humanitarian and human rights aspects is going to get prominence. In fact, there will be a separate sideline session on the humanitarian challenges of the Muslim world with special focus on the Rohingyas on May 6, 2018,” he added.

Presided over by BIISS Chairman Ambassador Munshi Faiz Ahmad, the seminar was addressed, among others, by Prof Syed Anwar Hussain, Prof Akmal Hussain, former foreign secretaries Ambassador Mohammad Mohsin and Touhid Hossain, and Ambassador Muhammad Zamir, while BIISS Director General delivered the address of welcome.

The Daily Star, 30 March 2018
ROHINGYA REPATRIATION

US to work closely

Says Acting Under Secretary Heather Nauert

Diplomatic Correspondent

The United States has said it will continue to work closely with Bangladesh for the voluntary, dignified and safe return of the Rohingyas to their homes in Myanmar.

US Acting Under Secretary of State for Public Diplomacy and Public Affairs Heather Nauert said this during the Independence Day reception on Wednesday at Bangladesh Embassy in Washington, DC.

“Our cooperation in responding to the Rohingya crisis is the fruit of a strong bilateral relationship that we seek to enhance even further,” Heather said.

The close bond between Bangladesh and the US has never been more essential and Bangladesh's leadership more vital during this tragic humanitarian crisis, she said.

Recollecting her maiden overseas visit to Bangladesh last November as the spokesperson for the US state department, Heather said she was deeply moved during her visit to Cox's Bazar to see how the people of Bangladesh have opened their doors and their hearts to the Rohingyas fleeing violence in Myanmar.

“Bangladesh has the profound gratitude of the American people for all that you have done and continue to do [so] to provide comfort to those in such great need,” she said.

Earlier, Heather placed a wreath at the bust of Bangabandhu installed on the chancery premises.

Referring to her visit to Bangabandhu Museum in Dhaka, she said Bangabandhu in his celebrated speech on March 7 in 1971 said, “Whether Bengali or non-Bengali, Hindu or Muslim, all are brothers, and it is our responsibility to ensure their safety.”

“Let us honour his [Bangabandhu's] wisdom and spirit and strive together for a peaceful, prosperous Bangladesh where all are considered brothers and sisters and guaranteed their rights,” Heather said.

Mohammad Ziauddin, Bangladesh ambassador to USA, said Prime Minister Sheikh Hasina has a firm stance on secularism. The political and humanitarian support accorded to Bangladesh by the US in the case of the 7,00,000 Rohingyas fleeing ethnic cleansing reflects the strong bond between the two countries.

Diplomats from foreign missions, US government officials, politicians, intellectuals, businessmen, high civil and military officials, senior journalists and members of the Bangladeshi community attended the reception at Bangabandhu Auditorium in the evening.

The New Age, 30 March 2018

OIC FMs Dhaka meet May 5-6

Rohingya issues to get prominence
Diplomatic Correspondent

Foreign ministers of the OIC member countries are likely to discuss in a meeting in Dhaka sustainable repatriation of forcibly displaced Myanmar nationals to their home in Rakhine.

The 57-member Organisation of Islamic Cooperation is set to hold a meeting of its highest policy making body Council of Foreign Ministers in Dhaka on May 5 and 6.

A good number of foreign ministers are expected to visit the Rohingya camps in Cox's Bazar on May 4.

he foreign ministers are also expected to discuss a plan for bringing reforms in the OIC for getting the organisation ready for pragmatic steps in discharging its responsibilities. 'There is a proposal for holding a study on reforming the OIC to see things what we have to do,' foreign secretary M Shahidul Haque said on Thursday at a seminar preparatory to the meeting of the foreign ministers.

The ministers might assess the possibility of another proposal for establishing a centre for building capacity of the OIC member countries on conflict resolution, he said. State minister M Shahriar Alam said Rohingya problem 'is going to get prominence' for humanitarian and human rights aspects of the exodus from Myanmar. Bangladesh Institute of International and Strategic Studies organised the seminar with its chairman Munshi Faiz Ahmad in the chair.

Former Dhaka University professors Akmal Hossain, Syed Anwar Hossain, former foreign secretaries Mohammad Mohsin and Touhid Hossain and former ambassador Muhammad Zamir, among others, participated in the discussion.

The Dhaka Tribune, 30 March 2018

Myanmar agrees to UNHCR initiative for Rohingya repatriation

Tribune Desk

State Minister for Foreign Affairs Md Shahriar Alam addresses a seminar on the upcoming OIC Foreign Ministers' Meeting, at Bangabandhu International Conference Centre on Thursday; March 29, 2018

'A hurried repatriation might lead to problems'

Myanmar has finally agreed to the initiative by the United Nations High Commissioner for Refugees (UNHCR) on the repatriation of Rohingya refugees in Bangladesh, said State Minister for Foreign Affairs Md Shahriar Alam.

The minister made the statement at the end of a seminar at Bangabandhu International Conference Centre on Thursday afternoon, regarding the upcoming Organisation of Islamic Cooperation (OIC) 45th Foreign Ministers’ Meeting in May this year.

When asked about when Myanmar would begin the repatriation process, the foreign minister said: “That is up to Myanmar. I cannot answer that.”

Over 1.8 million Rohingya refugees have been registered so far, Shahriar Alam said. “Our countries signed a deal on the physical arrangement for repatriation two months ago, but the process has not begun yet. We are not upset about this, as a hurried repatriation might lead to problems.

“Even though progress has been slow, we are on the right path. We gave shelter to the Rohingyas for the sake of humanity. We submitted a list of 8,032 Rohingyas at the last OIC Foreign Ministers’ Meeting on February 16 for their repatriation. This time we will submit a second list,” the minister added, hailing the meeting as a good platform for such discussions.

The New Nation, 30 March 2018
Rohingya issue

Myanmar agrees to engage UNHCR in repatriation process

By UNB, DHAKA

Myanmar has agreed to engage UNHCR in the Rohingya repatriation and rehabilitation process which Dhaka sees as a progress.

Bangladesh already remains engaged with the UNHCR, the UN refugee agency, to take support for smooth repatriation of Rohingyas from Bangladesh to Myanmar which Myanmar did not want.

"It's big progress that Myanmar got engaged with UNHCR. The UN has confirmed it to us. They are in discussion on the issue," State Minister for Foreign Affairs M Shahriar Alam told reporters on Thursday.

He said the government will send the new set of list consisting names of Rohingyas as Myanmar responded on first list. He was talking to reporters after attending a seminar on the theme-'Upcoming 45th Council of Foreign Ministers (CFM) of the Organization of Islamic Cooperation (OIC) Dhaka: Revisiting A Shared Journey' in the city. The government will soon send the second list consisting of upto 10,000 names of Rohingyas to Myanmar as part of the repatriation process. "It is a continuous process. We are preparing the list. We are sending lists of Rohingyas step by step,"Relief and Refugee Repatriation Commissioner Mohammad Abul Kalam told UNB on Wednesday night.

He, however, did not want to tell the number saying they will continue to work on the issue as over 1 million Rohingyas are living in Bangladesh. Bangladesh already handed over a list of 1,673 Rohingya families (8,032 individuals) to Myanmar to start the first phase of repatriation of the displaced people to their homeland in Rakhine state. Myanmar side, however, verified less than 400 of those and there is no sign of their repatriation yet. Some 700,000 Rohingyas have taken shelter in Bangladesh since last August following an army crackdown that the United Nations has likened to ethnic cleansing. On January 16, Bangladesh and Myanmar signed a document on 'Physical Arrangement' which will facilitate the return of Rohingyas to their homeland from Bangladesh but there is no significant progress over repatriation. The 'Physical Arrangement' stipulates that the repatriation will be completed preferably within two years from the start of repatriation.

The State Minister said the current Rohingya crisis and the challenges facing the Muslim Ummah-the conflicts, division, tension and instability of the Muslim world-will get focus in the 45th Council of Foreign Ministers (CFM) of the OIC to be held here in May next. "Protection of their (Rohingyas) rights and fundamental freedoms, will, therefore, remain a major preoccupation of this CFM," he said. Certainly, Shahriar Alam said, the problems of terrorism and violent extremism, sectarian tendencies, hatred, prejudice and Islamophobia, massive humanitarian crises with forced displacements seriously-affecting the rights and dignity of Muslim minorities like the Rakhine Muslims of Myanmar, persistent poverty and socio-economic backwardness of Muslim societies are OIC priorities. The way the CFM is addressing

these issues are through resolutions and proposals regarding political, economic, social, cultural and family affairs issues that are now under finalisation, he said. The meetings of the Permanent Finance Committee, Economic, social, cultural and Family Affairs Commission (ICECS), and the Senior Officials in Jeddah this month have largely discussed these resolutions seeking to find solutions and approaches to the ongoing problems of the Muslim Ummah.

"We see these issues being approached under four broad ranges of draft resolutions: those relating to peace, conflict resolution, mediation and security; those relating to OIC economic and development agenda; those relating to minorities and humanitarian questions and those relating to OIC reforms," said the State Minister.

The Bangladesh International Institute of Strategic Studies (BIISS) organised the seminar. The Rohingya problem in its humanitarian and human rights aspects is going to get prominence. There will be a separate sideline session on the humanitarian challenges of the Muslim world with special focus on the Rohingyas on May 6, and prior to that a visit to the Rohingya makeshift camps in Cox's Bazar will take place on May 4.

A comprehensive reform of the OIC and its system is a crying need of the day both for greater efficiency, dynamism and clout of the Organisation, said the State Minister. "Bangladesh along with some other brotherly countries are working hard with their thoughts and proposals for OIC reforms in a number of areas," he said.

These are rules and procedures, organisational and Secretariat issues, their roles and mechanisms, recruitment rules, transparency initiatives, efficiency enhancement, observership and operationalisation of a number of new statutes, bodies and institutes are coming under these efforts. "Discussions on these are going to take place in Dhaka," said the State Minister adding that they have many expectations.

আমাদের সময়, ৩০ মার্চ ২০১৮

‘রোহিঙ্গা প্রত্যাবাসন নিশ্চিতে সহযোগিতা চাওয়া হবে’

কূটনৈতিক প্রতিবেদক

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, আগামী মে মাসে ঢাকায় আন্তর্জাতিক ইসলামিক সংস্থার (ওআইসি) পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনে ওআইসির অন্তর্ভুক্ত সবগুলো দেশের কাছে রোহিঙ্গা প্রত্যাবাসন নিশ্চিত করতে সহযোগিতা চাওয়া হবে। গতকাল এক সেমিনারে তিনি এসব কথা বলেন। শাহরিয়ার আলম বলেন, মে মাসে ঢাকায় ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলন অনুষ্ঠিত হবে। রোহিঙ্গা সংকট সমাধানে ওই সম্মেলনকে কাজে লাগাতে চায় ঢাকা। ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের কাছে ঢাকার পক্ষ থেকে আবেদন থাকবে, রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের প্রতি চাপ সৃষ্টি করতে, যাতে রোহিঙ্গা প্রত্যাবাসন নিশ্চিত হয়।

শাহরিয়ার আলম বলেন, রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশ মানবিকভাবে যে সহায়তা চালিয়ে যাচ্ছে তা ওআইসির সদস্য রাষ্ট্রগুলোকে এরই মধ্যে অবহিত করা হয়েছে। রোহিঙ্গা সংকটের পরিস্থিতি সরেজমিন দেখাতে আগামী ৪ মে কক্সবাজারের একাধিক রোহিঙ্গা শিবির পরিদর্শনে ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের নিয়ে যাওয়া হবে। তিনি আরও বলেন, বাংলাদেশ উন্নয়নের যে মাইলফলক ছুঁয়েছে তা ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনে তুলে ধরা হবে। পাশাপাশি মধ্যম আয়ের দেশে উন্নীত হতে ইসলামিক এই সংস্থার কাছে সহযোগিতা চাওয়া হবে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী জানান, রোহিঙ্গা প্রত্যাবাসন নিশ্চিত করতে বাংলাদেশ জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনের (ইউএনএইচসিআর) সঙ্গে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে। মিয়ানমার জানিয়েছে তারাও এ বিষয়ে ইউএনএইচসিআরের সঙ্গে সমঝোতা স্মারকে স্বাক্ষর করবে। তবে কবে নাগাদ করবে সে বিষয়ে কিছু বলেনি। এক প্রশ্নের জবাবে তিনি জানান, রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য বাংলাদেশ থেকে একটি তালিকা এরই মধ্যে মিয়ানমারকে দেওয়া হয়েছে। কিন্তু মিয়ানমারের পক্ষ থেকে ওই তালিকার বিষয়ে এখনো কিছু জানানো হয়নি।

তিনি আরও জানান, রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য বাংলাদেশ মিয়ানমারকে দেওয়ার জন্য দ্বিতীয় তালিকা নিয়ে কাজ করছে। এটি একটি চলমান প্রক্রিয়া। রোহিঙ্গা প্রত্যাবাসন নিশ্চিতে বাংলাদেশ আশাবাদী।
ইসলামি সম্মেলন সংস্থার (ওআইসি) পররাষ্ট্রমন্ত্রীদের ৪৫তম সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হবে। আগামী মে মাসে এই সম্মেলন অনুষ্ঠিত হবে। আইভরি কোস্টের অর্থনৈতিক রাজধানী আবিদজানে ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের ৪৪তম সম্মেলনে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

আবিদজানে ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের ৪৪তম সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী। আইভরিকোস্টের প্রেসিডেন্ট আলাসানে ওয়াতারা সোমবার এ সম্মেলনের উদ্বোধন করেন।
সম্মেলনে ঢাকায় ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের ৪৫তম সম্মেলন আয়োজনের জন্য বাংলাদেশ প্রস্তাব দিলে সদস্য দেশগুলোয় পূর্ণ-সমর্থন জানায়। প্রায় সাড়ে তিন দশক পর ঢাকায় এ সম্মেলন আবার অনুষ্ঠিত

হতে যাচ্ছে। এর মধ্যদিয়ে বাংলাদেশ ওআইসি ট্রয়কা'র অংশ এবং আগামী তিন বছরের ওআইসি'র ৮ সদস্যবিশিষ্ট নির্বাহী কমিটির প্রভাবশালী সদস্য হলো।

পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলী বাংলাদেশের জনগণকে এ সম্মান দেওয়া ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের ওপর পুনরায় আস্থা রাখার জন্য সদস্য রাষ্ট্রগুলোকে ধন্যবাদ জানান।

বিপুলসংখ্যক সদস্য রাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীরা ও পর্যবেক্ষক রাষ্ট্র, বিভিন্ন ওআইসি প্রতিষ্ঠান ও আন্তর্জাতিক সংস্থাগুলোর প্রতিনিধিরা ৪৪তম সম্মেলনে অংশ নেন।

সম্মেলনে চলতি বছরের প্রতিপাদ্য হচ্ছে 'সংহতিপূর্ণ বিশ্বে তারুণ্য, শান্তি ও উন্নয়ন'।

সম্মেলনে তারুণ্যের বৃহত্তর ভূমিকা ও অংশগ্রহণে শান্তি, উন্নয়ন ও ইসলামি সংহতির গুরুত্বের ওপর জোর দেওয়া হয়। পররাষ্ট্রমন্ত্রী সম্মেলনে ইসলামি বিশ্বের সংহতি, ঐক্য ও মতভেদ দূর করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে এক বিবৃতি দেন। তিনি মুসলিম বিশ্বের অঢেল সম্পদের সদ্ব্যবহার ও দ্রুততর উন্নয়নের পথ অনুসরণের প্রয়োজনীয়তার ওপরও গুরুত্বারোপ করেন। তিনি বলেন, উন্নয়ন অনেক সমস্যার সমাধান করে।
পররাষ্ট্রমন্ত্রী বৃহত্তর আন্তঃওআইসি বাণিজ্য ও বিনিয়োগের পরামর্শ দেন এবং বেশ কয়েক বছর আগে বাংলাদেশের প্রস্তাবিত একটি ইসলামিক কমন মার্কেটের গন্তব্যে পৌঁছার লক্ষ্যে অগ্রাধিকারমূলক বাণিজ্য ও এফটিএ বাস্তবায়নের আহ্বান জানান।

ওআইসি সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে সর্বোত্তম প্র্যাকটিস বিনিময়ের ওপর গুরুত্বারোপ করে উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন, আন্তঃধর্মীয় সম্প্রীতি, শান্তিরক্ষা ও শান্তি প্রতিষ্ঠা, নারীর ক্ষমতায়ন, সন্ত্রাস ও উগ্রপন্থা দমন, স্বাস্থ্য ও শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে সাফল্যের কাহিনী বিনিময়ে বাংলাদেশের আগ্রহের কথা প্রকাশ করেন পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলী।

সম্মেলনে অংশগ্রহণকারী বাংলাদেশ প্রতিনিধি দলে আরও রয়েছেন, পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক, সৌদি আরবে বাংলাদেশের রাষ্ট্রদূত ও ওআইসি'র পিআর গোলাম মসি প্রমুখ।

যুগান্তর, ৩০ মার্চ ২০১৮

রোহিঙ্গা প্রত্যাবাসন

জাতিসংঘকে যুক্ত করতে রাজি মিয়ানমার

পররাষ্ট্র প্রতিমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

রোহিঙ্গা প্রত্যাবাসনে জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা ইউএনএইচসিআরকে যুক্ত করতে মিয়ানমার রাজি হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। বিষয়টি আশাব্যঞ্জক উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, রোহিঙ্গাদের ফেরত পাঠানোর প্রক্রিয়ায় ধীরগতি হলেও তা সঠিক লক্ষ্যেই রয়েছে। তিনি জানান, মে'র প্রথম সপ্তাহে প্রথমবারের মতো ওআইসিভুক্ত (অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন) দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক বাংলাদেশে হতে যাচ্ছে। ৫৭টি মুসলিম রাষ্ট্রের প্রতিনিধি বাংলাদেশে আসবেন। ওই সম্মেলনে রোহিঙ্গা ও অগ্রাধিকার বাণিজ্যিক ইস্যু গুরুত্বের সঙ্গে তুলে ধরবে বাংলাদেশ। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বৃহস্পতিবার এক সেমিনার শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। তিনি আরও জানান, ওআইসিভুক্ত দেশের প্রতিনিধিরা ৪ মে কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে যাবেন।

ওআইসিভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সম্মেলন সামনে রেখে বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এ সেমিনারের আয়োজন করে। এতে বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন। সভাপতিত্ব করেন মুন্সী ফাইজ আহমেদ।

রোহিঙ্গা প্রত্যাবাসন প্রসঙ্গে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দক্ষিণ এশিয়ার ইউএনএইচসিআরের প্রধান আমাকে জানিয়েছেন, মিয়ানমার তাদের সঙ্গে যোগাযোগ করছে। রোহিঙ্গাদের পুনর্বাসনে মিয়ানমার ইউএনএইচসিআরকে পাশে চায়। তিনি বলেন, মিয়ানমার সরকার ইউএনএইচসিআরের সঙ্গে যুক্ত হয়েছে, এটা আশার কথা। এ পজিটিভ উদ্যোগের মধ্য দিয়ে সমস্যার সমাধান হবে।

প্রতিমন্ত্রী আরও বলেন, রোহিঙ্গা ফেরানোর অগ্রগতি ধীর হলেও সুনির্দিষ্ট লক্ষ্যে আছে। ধৈর্যের সঙ্গে আমাদের মোকাবেলা করতে হবে। কোনো কিছুতেই আমরা বিচলিত হব না। বিশ্ব আমাদের সঙ্গে আছে। মানবিক দৃষ্টিকোণ থেকে আমরা আশ্রয় দিয়েছি, মানবিক দৃষ্টিকোণ থেকে তাদের দেখভাল করব। তিনি বলেন, রোহিঙ্গা ফেরাতে প্রথম দফায় দুই মাসের একটা সময়সীমা নির্ধারণ করা হয়েছিল। সেখান থেকে দু-এক মাস বাড়তি লেগেছে। এতে আমরা বিচলিত নই। বিষয়টি সঠিক পথে আছে। সামনে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের একটি দল বাংলাদেশে আসবে। সেই সঙ্গে জাতিসংঘের স্প্রিং মিটিংয়ে রোহিঙ্গাদের সহায়তায় কীভাবে বাংলাদেশের পাশে থাকা যায়, সে বিষয়ে আলোচনা হবে। তিনি আরও বলেন, আজ ১০০ নাকি ২০০ রোহিঙ্গা গেল, তা আমাদের কাছে বড় নয়। আমরা বারবার বলেছি, রোহিঙ্গা সংখ্যা প্রায় ১১ লাখ। এর মধ্যে ১০০, ২০০ বা ৫ হাজার রোহিঙ্গাকে পাঠিয়ে

দেয়ার পর কোনো সমস্যা হলে এবং তারা যদি আবার ফিরে আসে, তাহলে এ প্রক্রিয়া বড় ধরনের বাধার মুখে পড়বে। এ বিষয়টিতে আমরা গুরুত্ব দিচ্ছি।

রোহিঙ্গাদের ফেরাতে বিশ্ববাসী বাংলাদেশের পাশে আছে জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, ৮ হাজার ৩২ জন রোহিঙ্গার তালিকা মিয়ানমারকে দিয়েছিলাম। সেখান থেকে পর্যায়ক্রমে দুই ধাপে তারা বলেছে, তালিকা ঠিক আছে। তবে কিছু নামের ক্ষেত্রে তথ্যের ঘাটতি আছে। শিগগিরই দ্বিতীয় তালিকা দেয়া হবে। রোহিঙ্গাদের মিয়ানমার ছাড়া অন্য কোনো দেশে পাঠানোর বিষয়ে বাংলাদেশ কাউকে প্রস্তাব দেয়নি এবং কেউ বাংলাদেশকে প্রস্তাব দেয়নি বলেও জানান তিনি।

আসন্ন ওআইসি সম্মেলন প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, প্রথমবারের মতো ওআইসিভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক বাংলাদেশে হতে যাচ্ছে। ৫৭টি মুসলিম রাষ্ট্রের প্রতিনিধি বাংলাদেশে আসবেন। এটা খুবই বড় ইভেন্ট। বিশেষ করে এ সম্মেলন ঘিরে আমাদের অনেক প্রস্তুতি আছে, আবার এ সম্মেলন ঘিরে আমাদের অনেক প্রত্যাশাও আছে। তিনি বলেন, মুসলিম রাষ্ট্রগুলোর সমস্যা নিজেদেরই সমাধান করতে হবে। নিজেদের একতাবদ্ধ থাকতে হবে। দুঃখজনক সত্য, পৃথিবীতে ওআইসিভুক্ত দেশগুলোয় এখন রাজনৈতিক সংকট বেশি। সেই বিষয়গুলো আলোচনা হবে। শিক্ষা ও অন্যান্য খাতে আমাদের উন্নয়ন এবং আইডিবির লোন বাংলাদেশের উন্নয়নে ভূমিকা রাখে, সেসব বিষয় আলোচনা হবে। সার্বিকভাবে রোহিঙ্গা নিয়ে আলোচনা হবে। এ মুহূর্তে ১০ লাখ ৮০ হাজার নিবন্ধিত রোহিঙ্গা, যাদের বেশিরভাগ বাংলাদেশে চলে এসেছে। এ বিষয়টি নিয়ে আলোচনা হবে। রোহিঙ্গাদের কষ্ট লাঘবে দেশগুলো কী সহায়তা করতে পারে, তা-ও আলোচনা হবে। তিনি আরও বলেন, ওআইসিভুক্ত দেশগুলোয় বাংলাদেশ মুক্তবাণিজ্য বা অগ্রাধিকার ভিত্তিতে বাণিজ্যের সুবিধা যেন পায়, অনেক আগ থেকেই এ আলোচনা হয়ে আসছে। সে বিষয়টিতে গুরুত্ব দেয়া হবে। তবে কাজটি খুব সহজ নয়, তা বোঝা যাচ্ছে। বাণিজ্যের ক্ষেত্রে সব রাষ্ট্রই নিজেদের স্বার্থকে অগ্রাধিকার দেয়।

প্রতিমন্ত্রী বলেন, শতকরা ৭০ ভাগ রেমিটেন্স ওআইসিভুক্ত দেশগুলো থেকে আসে। সেই হিসাবে ওআইসির গুরুত্ব বাংলাদেশে সবসময় ছিল, আছে এবং থাকবেও। নতুন করে সৌদি আরব, কাতার, কুয়েত, ওমানে জনশক্তির বাজার উন্মুক্ত করেছি। সেই দৃষ্টিকোণ থেকেও এ সেমিনার জরুরি। তবে যেহেতু এ সম্মেলনে শুধু বাংলাদেশের এজেন্ডা থাকবে তা নয়, ওআইসিভুক্ত ৫৭টি রাষ্ট্রের সমস্যা সমানভাবে গুরুত্ব পাবে। এ সময়ে ওআইসি সম্মেলন বাংলাদেশের জন্য মর্যাদাকর বলেও আখ্যায়িত করেন তিনি।

সমকাল, ৩০ মার্চ ২০১৮

সেমিনারে পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ওআইসিতে তোলা হবে রোহিঙ্গা সংকট প্রসঙ্গ

কূটনৈতিক প্রতিবেদক

আগামী মে মাসে ঢাকায় অনুষ্ঠিতব্য ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনে জোরালোভাবে তুলে ধরা হবে রোহিঙ্গা সংকট প্রসঙ্গ। গতকাল বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আগামী ওআইসি পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন সামনে রেখে আয়োজিত সেমিনারে এ কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম।

তিনি বলেন, আগামী মে মাসের শুরুতে ঢাকায় ওআইসি দেশভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলন অনুষ্ঠিত হবে। বাংলাদেশের পক্ষ থেকে রোহিঙ্গা সংকটের আদ্যোপান্ত তুলে ধরে রোহিঙ্গাদের দ্রুত মিয়ানমারে প্রত্যাবাসনে ভূমিকা রাখার আহ্বান জানানো হবে। এ ছাড়া আগামী ৪ মে ওআইসিভুক্ত দেশের পররাষ্ট্রমন্ত্রীদের কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে নিয়ে যাওয়া হবে। প্রতিমন্ত্রী আরও জানান, এর আগে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআরের সঙ্গে রোহিঙ্গা প্রত্যাবাসনে সহায়তা বিষয়ে বাংলাদেশের সমঝোতা হয়েছিল। এখন মিয়ানমারও ইউএনএইচসিআরের সঙ্গে সমঝোতায় রাজি হয়েছে।

সেমিনারে পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব স্ট্র্যাটেজিক স্টাডিজসহ বিভিন্ন সংস্থার কর্মকর্তারা অংশ নেন।

জনকণ্ঠ, ৩০ মার্চ ২০১৮

মিয়ানমার রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘের সঙ্গে কাজ করতে সম্মত

সেমিনারে পররাষ্ট্র প্রতিমন্ত্রী ॥ মে মাসে ঢাকায় ওআইসি পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন

স্টাফ রিপোর্টার ॥ আগামী মে মাসে ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে ইসলামী সহযোগিতা সংস্থার (ওআইসি) পররাষ্ট্রমন্ত্রীদের ৪৫তম সম্মেলন। এই সম্মেলনে জোরালোভাবে উপস্থাপন করা হবে রোহিঙ্গা সঙ্কটের বিষয়টি। বৃহস্পতিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক সেমিনারে এ কথা জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম। ওই সম্মেলনের বিষয়েই এই সেমিনারের আয়োজন করা হয়।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ওআইসির পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সম্মেলনে রোহিঙ্গা ইস্যুটি জোরালোভাবে তুলে ধরা হবে। কেবল তা-ই নয়, রোহিঙ্গা প্রত্যাবাসন নিশ্চিতে কিছু করার জন্যও সংশ্লিষ্ট দেশগুলোর প্রতি আহ্বান জানানো হবে। সম্মেলনে অংশ নিতে আসা পররাষ্ট্রমন্ত্রীদের ৪ মে কক্সবাজারে রোহিঙ্গা শিবির পরিদর্শন নিয়ে যাওয়া হবে উল্লেখ করে শাহরিয়ার আলম বলেন, ওআইসিভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের কাছে রোহিঙ্গা আশ্রয়ের দিক থেকে বাংলাদেশের মানবিকতার বিষয়টি তুলে ধরা হবে। তিনি জানান, রোহিঙ্গা প্রত্যাবাসন নিশ্চিত করার জন্য আমাদের সঙ্গে জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশনের (ইউএনএইচসিআর) সমঝোতা হয়েছিল। এখন মিয়ানমারও সংস্থাটির সঙ্গে এ বিষয়ে কাজ করতে রাজি হয়েছে।

রাখাইন থেকে প্রাণ বাঁচাতে পালিয়ে আসা রোহিঙ্গাদের প্রত্যাবাসনে জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনকে (ইউএনইচসিআর) অন্তর্ভুক্ত করতে মিয়ানমার সম্মত হয়েছে বলে জানিয়ে শাহরিয়ার আলম জানান, মিয়ানমার বলছে, বাংলাদেশের দেয়া রোহিঙ্গাদের প্রাথমিক তালিকায় তথ্যের ঘাটতি আছে। তারা (মিয়ানমার) শীঘ্রই দ্বিতীয় দফা আরেকটি তালিকা দেবে।

গত মাসে মিয়ানমারে জাতিসংঘের প্রতিনিধি দলের সফরের সময়ও রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়ায় ইউএনএইচসিআরকে অন্তর্ভুক্ত করতে সম্মত ছিল না মিয়ানমার। জাতিসংঘের ওই প্রতিনিধি দলে বাংলাদেশের পররাষ্ট্র সচিব মোঃ শহীদুল হকও ছিলেন। সে সময় মিয়ানমার থেকে ফিরে এসে শহীদুল হক সাংবাদিকদের জানিয়েছিলেন, প্রথম দিকে সপ্তাহে ১৫শ’করে রোহিঙ্গা নেবে মিয়ানমার। পরে এ সংখ্যা বাড়বে।

এর আগে রোহিঙ্গাদের তাদের নিজ ভূমিতে ফেরাতে দুই দেশের উচ্চপর্যায়ের কর্মকর্তারা মিয়ানমারের রাজধানী নেপিডোতে দুই দিনের বৈঠকে বসেন। পরে দুই দেশের কর্মকর্তাদের মাঠপর্যায়ের কার্যক্রম শুরু করতে একটি ‘ফিজিক্যাল এ্যারেঞ্জমেন্ট’ চুক্তিও স্বাক্ষরিত হয়। চুক্তিতে বলা হয়, যাচাই-বাছাই করে রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসন আগামী ২ বছরের মধ্যে সম্পন্ন করা হবে। এছাড়া মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয় ১৯৮০ সালে দুই দেশের সীমান্ত চুক্তি অনুযায়ী ‘সন্দেহভাজন রোহিঙ্গা’ সন্ত্রাসীদের হস্তান্তর করতে বাংলাদেশের প্রতি আহ্বান জানায়।

তবে জাতিসংঘ রোহিঙ্গাদের ফেরত নিতে মিয়ানমার নানা টালবাহানা করছে বলে অভিযোগ করে আসছে। রাখাইনে রোহিঙ্গা নিধনের ঘটনাকে মিয়ানমারের পূর্বপরিকল্পিত এবং কোন জাতিগোষ্ঠীকে নিশ্চিহ্ন করে দেয়ার 'পাঠ্যপুস্তকীয় উদাহরণ' বলেও আখ্যা দিয়েছে সংস্থাটি।

সম্প্রতি সংস্থাটির মহাসচিব আন্তনিও গুতেরেস বলেছেন, রোহিঙ্গাদের ফেরত পাঠানো মিয়ানমার অসম্ভব করে তুলেছে। সেখানে (রাখাইন) রোহিঙ্গাদের ফেরত যাওয়ার মত কোন নিরাপদ পরিস্থিতিও নেই।

প্রসঙ্গত, ২০১৭ সালের ২৫ আগস্ট রাখাইনের কয়েকটি নিরাপত্তা চৌকিতে কথিত হামলার ধুয়া তুলে রোহিঙ্গাদের ওপর ব্যাপক নৃশংসতা চালায় মিয়ানমার সেনাবাহিনী। দেশটির কর্তৃপক্ষ দাবি করে আসছে, রোহিঙ্গা সন্ত্রাসীদের বিরুদ্ধে অভিযান চালানো হয়েছিল। তখন থেকে নির্যাতন নিপীড়ন থেকে প্রাণে বাঁচতে বাংলাদেশে পালিয়ে আসে আনুমানিক ৮ লাখের বেশি রোহিঙ্গা। বর্তমানে তারা কক্সবাজারের সীমান্তবর্তী বিভিন্ন ক্যাম্পে বসবাস করছে।

কালের কন্ঠ, ৩০ মার্চ ২০১৮

রোহিঙ্গা ইস্যুতে পররাষ্ট্র প্রতিমন্ত্রী

প্রত্যাবাসনপ্রক্রিয়ায় ইউএনএইচসিআরকে নিতে রাজি নেপিডো

কূটনৈতিক প্রতিবেদক

রোহিঙ্গা প্রত্যাবাসনপ্রক্রিয়ায় জাতিসংঘ শরণার্থী সংস্থাকে (ইউএনএইচসিআর) যুক্ত করতে মিয়ানমার সম্মত হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহিরয়ার আলম। তিনি গতকাল বৃহস্পতিবার ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক সেমিনার শেষে সাংবাদিকদের এ কথা জানান। আগামী মে মাসে ঢাকায় অনুষ্ঠেয় ইসলামী সহযোগিতা সংস্থার (ওআইসি) পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের ৪৫তম বৈঠককে সামনে রেখে ওই সেমিনার অনুষ্ঠিত হয়। সেখানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ঢাকায় অনুষ্ঠেয় ওআইসির বৈঠকে রোহিঙ্গা ইস্যু গুরুত্ব পাবে।

রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমার কবে থেকে কাজ শুরু করবে—জানতে চাইলে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, এটি মিয়ানমারের বিষয়। তাঁর পক্ষে বলা সম্ভব নয়।

এযাবৎ ১০ লাখ ৮০ হাজারেরও বেশি রোহিঙ্গা নিবন্ধন সম্পন্ন হয়েছে উল্লেখ করে শাহিরয়ার আলম জানান, মিয়ানমারের সঙ্গে প্রত্যাবাসন চুক্তি সই হওয়ার পর তাদের এখনো ফেরত পাঠানো যায়নি। বাংলাদেশ এ নিয়ে বিচলিত নয়। বরং বাংলাদেশ মনে করে, তড়িঘড়ি করে ফেরত পাঠালে সমস্যা হতে পারে। তিনি বলেন, 'অগ্রগতি ধীরে হলেও আমরা ঠিক পথে আছি। প্রক্রিয়াটি ঠিক পথে আছে। মানবিক কারণে আমরা রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছি। গত ১৬ ফেব্রুয়ারি মিয়ানমারের সঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে আমরা আট হাজার ৩২ জন রোহিঙ্গার তালিকা দিয়েছিলাম। এখন আমরা দ্বিতীয় তালিকা দেব।'

সেমিনারে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ঢাকায় অনুষ্ঠেয় ওআইসির পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকে রোহিঙ্গা সংকটের পাশাপাশি সন্ত্রাস ও সহিংস উগ্রবাদ, সাম্প্রদায়িকতা, ঘৃণা, ইসলামভীতির মতো সমস্যাগুলো নিয়ে আলোচনা হবে।

ওআইসির স্থায়ী অর্থবিষয়ক কমিটি, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পারিবারিক বিষয়ক কমিশন এবং সম্প্রতি জেদ্দায় জ্যেষ্ঠ কর্মকর্তা পর্যায়ের বৈঠকে মুসলিম উম্মাহর চলমান সমস্যা এবং সেগুলো সমাধানের উপায় নিয়ে এরই মধ্যে আলোচনা হয়েছে। ঢাকায় ওআইসির বৈঠকেও এসব বিষয়ে আলোচনা হবে।

মানবজমিন, ৩০ মার্চ ২০১৮

বিস-এর সেমিনার

ওআইসির সংস্কার, রোহিঙ্গা সংকট ঢাকা সম্মেলনের মুখ্য আলোচ্য-

আগামী মে মাসে ঢাকায় অনুষ্ঠেয় ওআইসি পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সম্মেলনে (সিএফএম) রোহিঙ্গা সংকটের বিষয়টি গুরুত্বের সঙ্গে আলোচনা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম এমপি। আর পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক জানিয়েছেন, রোহিঙ্গা মুসলমানদের ওপর বর্মীদের বর্বর নির্যাতন প্রশ্নে এবারই প্রথম একটি সর্বসম্মত প্রস্তাব পাস করতে যাচ্ছে ৫৭ রাষ্ট্রের ওই জোট। সমপ্রতি জেদ্দায় মুসলিম বিশ্বের ওই জোটের জ্যেষ্ঠ কর্মকর্তাদের বৈঠকে প্রস্তাবের খসড়ার বিষয়ে একমত হয়েছে সব সদস্য রাষ্ট্র। কোনো ব্যতিক্রম না হলে ঢাকায় পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনে প্রস্তাবটি আনুষ্ঠানিকভাবে গৃহীত হবে। সচিব এ-ও জানান, ওআইসির সংস্কার প্রশ্নে অনেক দিন ধরে আলোচনা চলছে। ঢাকা সম্মেলনে এটি মুখ্য আলোচ্য হওয়ার ইঙ্গিত দেন তিনি।

রোহিঙ্গা সংকট, মুসলিম উম্মাহর নানা চ্যালেঞ্জ, বিভাজন, অস্থিরতা ও দ্বন্দ্বকে সামনে রেখে আগামী ৫ ও ৬ই মে বাংলাদেশে ওআইসির ৪৫তম পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সম্মেলন হতে যাচ্ছে। সম্মেলনকে সামনে রেখে বৃহস্পতিবার গবেষণা প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্যাটেজিক স্টাডিজ (বিস) এক সেমিনারের আয়োজন করে। সকাল থেকে মধ্যাহ্ন অবধি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে চলা ওই সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। সেখানে তিনি বলেন, রোহিঙ্গাদের অধিকার এবং মৌলিক স্বাধীনতা রক্ষার বিষয়টি সিএফএম-এর প্রধান লক্ষ্য থাকবে। তিনি বলেন, সন্ত্রাসবাদ, চরমপন্থা, সামপ্রদায়িক প্রবণতা, ঘৃণা, কুসংস্কার এবং ইসলামোফোবিয়া, জোরপূর্বক বিচ্ছিন্নতাসহ ব্যাপক মানবিক সংকট মুসলমান সংখ্যালঘুদের গুরুত্ব ও মর্যাদা গুরুতরভাবে প্রভাবিত করছে। এ কারণে মিয়ানমারের রাখাইন মুসলমানসহ মুসলিম সমাজে বিদ্যমান দারিদ্র্য এবং সামাজিক-অর্থনৈতিক পশ্চাদপদতার বিষয়ে ওআইসির অগ্রাধিকার রয়েছে। শাহরিয়ার আলম বলেন, রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পারিবারিক ইস্যুগুলোর সিদ্ধান্ত ও প্রস্তাবের মাধ্যমে সিএফএম সমাধানের চেষ্টা করছে। এই সিদ্ধান্তগুলো এখন চূড়ান্ত করার অপেক্ষায় রয়েছে। চলতি মাসে জেদ্দায় অনুষ্ঠিত স্থায়ী ফিন্যান্স কমিটি, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পারিবারিক বিষয়ক কমিশন (আইসিইসিএস) এবং সিনিয়র কর্মকর্তাদের বৈঠকে মুসলিম উম্মাহর চলমান সমস্যা নিয়ে সমাধান এবং পন্থা নিয়ে আলোচনা হয়। প্রতিমন্ত্রী বলেন, আমরা এই ইস্যুগুলো সমাধানের জন্য চারটি বৃহৎ পরিসরে খসড়া প্রস্তাব নিয়েছি- শান্তি, সংঘাতের সমাধান, মধ্যস্থতা এবং নিরাপত্তা, ওআইসি অর্থনৈতিক এবং উন্নয়ন বিষয়, সংখ্যালঘু এবং মানবিক বিষয় এবং ওআইসি'র সংস্কার। মানবিক ও মানবাধিকারের দিক থেকে রোহিঙ্গা সমস্যাকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হচ্ছে। প্রতিমন্ত্রী বলেন, প্রতিষ্ঠানের বৃহত্তর দক্ষতা, গতিশীলতার জন্য ওআইসি'র এবং এর পদ্ধতির ব্যাপক সংস্কার প্রয়োজন। তিনি বলেন, বাংলাদেশ ও ভ্রাতৃপ্রতিম কয়েকটি দেশসহ তাদের চিন্তাভাবনা এবং প্রস্তাবনা নিয়ে ওআইসি সংস্কারের জন্য কঠোর প্রচেষ্টা ও পরিশ্রম করছে। বিস চেয়ারম্যান রাষ্ট্রদূত মুন্সি ফয়েজের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের মহাপরিচালক মেজর জেনারেল একেএম আবদুর রহমান।

উদ্বোধনী সেশনে ওআইসির ইতিহাস বিষয়ে বক্তৃতা করেন ইতিহাসবিদ প্রফেসর ড. সৈয়দ আনোয়ার হোসেন। ওয়ার্কিং সেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. আকমল হোসেন, ওআইসির মানবাধিকার কমিশনের সদস্য রাষ্ট্রদূত মোহাম্মদ জমির, সাবেক পররাষ্ট্র সচিব রাষ্ট্রদূত মোহাম্মদ মহসিন, মো. তৌহিদ হোসেন পূর্ব নির্ধারিত বিষয়ের ওপর বক্তৃতা করেন। উন্মুক্ত সেশনে প্রশ্ন, আলোচনা, মতামত ব্যক্ত করেন সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী, সাবেক পররাষ্ট্র সচিব শমসের মবিন চৌধুরী, প্রাক্তন সেনা কর্মকর্তা ও রাষ্ট্রদূত আমছা আমিন, ফ্রিল্যান্স জার্নালিস্ট সালেহ আহমেদ প্রমুখ। দেশি-বিদেশি কূটনীতিক, শিক্ষাবিদ, গবেষক, সাবেক ও বর্তমান সামরিক-বেসামরিক কর্মকর্তা, তরুণ গবেষক ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সেমিনারে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ প্রতিদিন, ৩০ মার্চ ২০১৮

অবশেষে জাতিসংঘের অন্তর্ভুক্তিতে রাজি মিয়ানমার

রোহিঙ্গা প্রত্যাবাসন

কূটনৈতিক প্রতিবেদক

বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার চলমান প্রক্রিয়ায় অবশেষে জাতিসংঘকে অন্তর্ভুক্ত করতে রাজি হয়েছে মিয়ানমার। তারা জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থাকে (ইউএনএইচসিআর) যুক্ত করছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। গতকাল ঢাকায় ইসলামিক জোট ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের আসন্ন সম্মেলনবিষয়ক এক সেমিনার শেষে তিনি এসব কথা বলেন।

শাহরিয়ার আলম বলেন, ‘দীর্ঘ সময় ধরে রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়গুলো নিয়ে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে আলোচনা হচ্ছে। প্রথমদিকে মিয়ানমার কোনো ডকুমেন্টেই ইউএন বা ইউএনএইচসিআরকে অন্তর্ভুক্ত করার কথা লিখতে রাজি ছিল না। তবে আমরা আমাদের অংশে অন্তর্ভুক্তির কথা লিখেছিলাম। আমরা ইতিমধ্যে জাতিসংঘ সংস্থাকে সম্পৃক্ত করেছি। আশার কথা হচ্ছে, মিয়ানমার সরকার এখন ইউএনএইচসিআরের সঙ্গে যুক্ত হয়েছে। এটা জাতিসংঘ আমাদের নিশ্চিত করেছে। এটা একটা খুবই বড় ইতিবাচক উদ্যোগ বা পদক্ষেপ। এই উদ্যোগগুলোর মধ্য দিয়ে আশা করি সমস্যাগুলোর সমাধান হবে।’ গত বছরের ২৫ আগস্ট মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের বিরুদ্ধে অভিযান শুরু করে সেনাবাহিনী। এরপর গণহত্যা, নির্যাতন, ধর্ষণ, নির্যাতনের মুখে সাত লক্ষাধিক রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেয়। তাদের ফিরিয়ে নিতে মিয়ানমার সরকারের সঙ্গে সমঝোতা স্মারকে সই করে বাংলাদেশ।

ইত্তেফাক, ৩০ মার্চ ২০১৮

ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের ঢাকা সম্মেলনে রোহিঙ্গা ইস্যু বিশেষ গুরুত্ব পাবে

প্রত্যাবাসন বিলম্বে বিচলিত নই :শাহরিয়ার আলম

বিশেষ প্রতিনিধি

মুসলিম দেশগুলোর জোট ওআইসির পররাষ্ট্রমন্ত্রীদের আসন্ন ঢাকা সম্মেলনে রোহিঙ্গা সংকট ইস্যু বিশেষ গুরুত্ব পাবে। বাংলাদেশ এই সম্মেলনে রোহিঙ্গা ইস্যুটি জোরালোভাবে উপস্থাপন করবে। পাশাপাশি রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া দ্রুত ও নিশ্চিতভাবে সম্পন্ন করতে পররাষ্ট্রমন্ত্রীদের এই সম্মেলনে প্রস্তাব দেওয়া হতে পারে।

আগামী ৫ ও ৬ মে ঢাকায় ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের ৪৫তম সম্মেলন সিএফএম অনুষ্ঠিত হবে। গতকাল বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সিএফএম সম্মেলন বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম সেমিনারের উদ্বোধনীপর্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন। সেমিনারে কূটনীতিক, রাষ্ট্রদূত, বিশেষজ্ঞ, গবেষক, ঊর্ধ্বতন সামরিক বেসামরিক আমলাসহ বিশিষ্টজনরা বক্তব্য রাখেন।

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিস) গতকালের সেমিনারটি আয়োজন করে। সভাপতিত্ব করেন বিস চেয়ারম্যান মুন্সী ফয়েজ আহমদ।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম সেমিনারের বিরতিতে সাংবাদিকদের বলেন, সিএফএম সম্মেলনে ৫৭টি মুসলিম দেশের পররাষ্ট্রমন্ত্রী ও সিনিয়র কর্মকর্তারা অংশ নিবেন। এতবড় সম্মেলনের আয়োজন বড় ঘটনা। এই সম্মেলন নিয়ে আমাদের প্রত্যাশা অনেক।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুসলিম উম্মার ঐক্যের উপর গুরুত্ব দিয়েছেন। মুসলিম বিশ্বকে ঐক্য ও সমঝোতার মাধ্যমে এগুতে হবে। নিজেদের সমস্যা নিজেদেরই সমাধান করতে হবে। ১১ লাখ মুসলিম রোহিঙ্গাকে বাংলাদেশ আশ্রয় দিয়েছে। ওআইসি শক্তভাবে এ ব্যাপারে সোচ্চার হবে। রোহিঙ্গাদের মানবেতর জীবন দূর করার ব্যাপারে আলোচনা হবে। বাংলাদেশ ওআইসিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আমরা ফিরিয়ে নিতে ৮০৩২ জন রোহিঙ্গার তালিকা দিয়েছি। সহসা আরেকটি তালিকা দেব। প্রথম তালিকা নিয়ে যাচাই বাছাই করছে মিয়ানমার।

তিনি আরো বলেন, চুক্তি অনুযায়ী প্রত্যাবাসন কার্যক্রম বিলম্বিত হলেও আমরা চিন্তিত বা বিচলিত নই। সঠিকপথেই অগ্রগতি হচ্ছে। বিভিন্ন উস্কানি সত্ত্বেও ফেরানো প্রক্রিয়া এগিয়ে যাচ্ছে। মানবিক কারণে রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছি। দ্রুত তাদের ফেরাতে হবে। মিয়ানমার প্রত্যাবাসন কার্যক্রমে জাতিসংঘ শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর-কে যুক্ত করেছে। তারা কাজ করছে।

সেমিনারের সমাপনীপর্বে পররাষ্ট্র সচিব শহীদুল হক বলেন, রোহিঙ্গা ইস্যুতে এখন ওআইসির ভূমিকা জোরালো ও ইতিবাচক। ইতোমধ্যে তা স্পষ্ট হয়েছে। এই সংগঠনেও ভিন্নমত, গ্রুপ, সাব গ্রুপ আছে।

তারপরও বাংলাদেশ ওআইসি প্রশ্নে ঐকমত্য আছে। আসন্ন সিএফএম সম্মেলনে রোহিঙ্গা ইস্যুতে আরো জোরালো ভূমিকা আশা করছি। সম্মেলনের আগের দিন ৪ মে বিদেশি প্রতিনিধিরা কক্সবাজারে রোহিঙ্গা শিবির পরিদর্শন করবেন। উদ্বোধনীপর্বে ওআইসি বহির্ভূত কানাডা ও অন্য একটি দেশের পররাষ্ট্রমন্ত্রী বিশেষ অতিথি হিসেবে যোগ দেবেন।

সেমিনারে বিভিন্ন বিষয়ে প্রবন্ধ উপস্থাপন ও মুক্ত আলোচনায় অংশ নেন অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন, ড. আকমল হোসেন, রাষ্ট্রদূত মোহাম্মদ জমির, মোহাম্মদ মহসিন, তৌহিদ হোসেন, শমশের মোবিন চৌধুরী, আসমা আমিন, জেনারেল (অব:) জহির উদ্দিন, আবুল হাসান চৌধুরী, সালেহ আহমেদ প্রমুখ।